দৈনিক খবর

তারিখ ... 10 JUL 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6

41

# কুমিল্লা বোর্ড ঃ প্রশ্নপত্র ফাঁসের জন্য দায়ীদের কঠোর শাস্তি দাবী

কুমিল্লা, ৯ই জুলাই (জেলা প্রতিনিধির ফোন)।– কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীরা এ বোর্ডের প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছেন।

আজ মঙ্গলবার বিকেলে বোর্ডের কর্মচারী সমিতি আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ দাবী জানানো হয়েছে। এতে নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন সমিতির সভাপতি শফিকুল ইসলাম ও সম্পাদক কাজী শাহ কামাল।

সাংবাদিক সম্মেলনে প্রশ্নপত্র প্রণয়ন থেকে শুরু করে বিতরণ পর্যন্ত সার্বিক পদ্ধতি ও নিরাপত্তা বিষয়ে বিস্তারিত বর্ণনা দেয়া হয়। এতে বলা হয়, ১৯৬২ সাল থেকে শুরু করে এ বোর্ডের অধীনে চট্টগ্রাম বিভাগের ১৫টি জেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা সুনামের সাথে অনুষ্ঠিত হয়ে আসছে। কিন্তু গত ৩ বছর ধরে পর্যায়ক্রমিকভাবে বিভিন্ন পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় ছাত্র, অভিভাবকদের সাথে সাথে বোর্ডের কর্মকর্তা-কর্মচারীরা উদ্বিগ্ন হয়ে উঠছে। জনসাধারণের সাথে কর্মকর্তা-কর্মচারীদের বিব্রতর অবস্থায় পড়তে হচ্ছে। অথচ এ ধরনের গুরুত্বপূর্ণ ঘটনায় রহস্য উদঘাটনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তেমন কার্যকর ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হয়েছে।